মুজিব বর্ষের অঙ্গীকার
নদী রাখবো পরিষ্কার

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

## ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭/৩২১৬ তারিখঃ ১৫/০৯/২০২২ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৯/২০২২

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)-এর নিম্নবর্ণিত ০৬ ক্যাটাগরির ০৭টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে?

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | বয়সসীমা | শূন্য পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | উর্ধ্বতন প্রশিক্ষক (ইঞ্জিন) | জাতীয় বেতন স্কেল ২০১৫-এর ১০ম গ্রেডভুক্ত টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৪০ বৎসর | ০১ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক (বিজ্ঞান) সার্টিফিকেট এবং<br>খ) ক্লাস-৩ ইঞ্জিন (এফজি) সনদ<br>অথবা<br>ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেটসহ<br>ক্লাস-৪ ইঞ্জিন (এফজি) সনদ এবং<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ (দশ) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ০২ | প্রশিক্ষক (ইঞ্জিন) | জাতীয় বেতন স্কেল ২০১৫-এর ১১ম গ্রেডভুক্ত ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০২ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট এবং<br>খ) ক্লাস-৪ ইঞ্জিন (এফজি) সনদ<br>অথবা<br>ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেটসহ<br>ক্লাস-৫ ইঞ্জিন (এফজি) সনদ এবং<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।<br>অথবা<br>আইএমই পদে বাংলাদেশ নৌবাহিনীর ইঞ্জিনিয়ারিং শাখায় আইএমই এলএমই পদে ন্যূনতম ১৫ (পনের) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ০৩ | প্রশিক্ষক (ইলেকট্রিক) | জাতীয় বেতন স্কেল ২০১৫-এর ১১ম গ্রেডভুক্ত ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০১ | ক) সরকার স্বীকৃত ইনস্টিটিউট হতে তড়িৎ বিদ্যায় ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা সনদ। তবে সংশ্লিষ্ট পেশায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | প্রশিক্ষক (ড্রেজার) | জাতীয় বেতন স্কেল ২০১৫-এর ১১ম গ্রেডভুক্ত ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০১ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট এবং<br>খ) ১ম শ্রেণি ইনল্যান্ড মাস্টার সনদ/ড্রাইভার সনদ এবং<br>গ) লিভারম্যান হিসেবে ন্যূনপক্ষে ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ০৫ | কারিগরি সহকারী (ডিজেল) | জাতীয় বেতন স্কেল ২০১৫-এর ১৪ম গ্রেডভুক্ত ১০,২০০-২৪,৬৮০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০১ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট এবং<br>খ) ডিইপিটিসি হতে এক বৎসর মেয়াদী কোর্স সনদধারী/১ম শ্রেণি ইনল্যান্ড ড্রাইভার সনদপত্র থাকতে হবে।<br>অথবা<br>বিআইএমটি হতে মেরিন ইঞ্জিনের ডিপ্লোমা সনদ এবং চাকরিকালীন সময়ে কমপক্ষে ২য় শ্রেণির ইনল্যান্ড সনদপত্র থাকতে হবে।<br>অথবা।<br>ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট এবং<br>খ) নৌ-বাহিনীর ইঞ্জিনিয়ারিং শাখায় এলএমই পদে কমপক্ষে ১০ বৎসরের চাকরি। |
| ০৬ | কারিগরি সহকারী (মেরিন) | জাতীয় বেতন স্কেল ২০১৫-এর ১৪ম গ্রেডভুক্ত ১০,২০০-২৪,৬৮০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০১ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট এবং<br>খ) ডিইপিটিসি হতে এক বৎসর মেয়াদী কোর্স সনদধারী/২য় শ্রেণি ইনল্যান্ড মাস্টার সনদপত্র থাকতে হবে।<br>অথবা<br>ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট এবং<br>খ) নৌ-বাহিনীর লিডিং সী ম্যান যার চাকরিকাল ৮ (আট) বৎসর হতে হবে। চাকরিকালীন সময়ে কমপক্ষে ২য় শ্রেণি ইনল্যান্ড মাস্টার সনদ হাসিল করতে হবে। |

০২। ০১/০৯/২০২২ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে।

০৩। আগ্রহী প্রার্থীদেরকে ২০/০৯/২০২২ হতে ২৬/০৯/২০২২ তারিখ পর্যন্ত শুধুমাত্র www.jobsbiwta.gov.bd-এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে।

০৪। আবেদন করার সময় ফরম পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী www.jobsbiwta.gov.bd সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ ক্রমিক নং-০১ এ বর্ণিত পদের জন্য ৩২০ (তিনশত বিশ) টাকা এবং ক্রমিক নং-০২-০৬ এ বর্ণিত পদের জন্য ২১৫/- (দুইশত পনেরো) টাকা হারে (অফেরতযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে, অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

০৫। আবেদনকারীগণকে নিজ নিজ Applied ID ব্যবহার করে www.jobsbiwta.gov.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে।

০৬। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। পরীক্ষা গ্রহণের সময় (প্রযোজ্য ক্ষেত্রে) প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।

০৭। চাকুরীরত প্রার্থীগণকে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। পরীক্ষায় উত্তীর্ণ হলে চাকুরীরত প্রতিষ্ঠানের নিকট থেকে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।

০৮। বিভাগীয় প্রার্থীদের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য (শুধুমাত্র বিআইডব্লিউটিএ'তে কর্মরতদের জন্য প্রযোজ্য)।

০৯। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়স ৩০ (ত্রিশ) বৎসর।

১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

১৩। প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

১৫/৯/২০২২

(এস এম শাহেদ রেজা)
অতিরিক্ত পরিচালক
(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ, ঢাকা

ডিসি-৮৯৫/২২ (১৫″×৩)